**সেবার নাম:** পানি বিজ্ঞান সংক্রান্ত তথ্য-উপাত্ত সমূহ অটোমেশন পদ্ধতিতে প্রদান এবং Online Payment Gateway Service System এর মাধ্যমে ফি পরিশোধ।


**প্রেক্ষাপট:**

পানি উন্নয়ন বোর্ড এর প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল হতে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান এর আবেদনের প্রেক্ষিতে পানি বিজ্ঞান সংক্রান্ত তথ্য-উপাত্ত সমূহ প্রদান করা হয়। বিভিন্ন জটিলতায় এই প্রক্রিয়াটি অত্যন্ত সময়সাপেক্ষ হওয়াতে প্রয়োজনীয় তথ্য সঠিক সময়ের মাঝে হাতে পাওয়া আবেদনকারীদের জন্য কঠিন হয়ে যায়। এই পেক্ষাপটে বাপাউবো কর্তৃক পানি বিজ্ঞান সংক্রান্ত তথ্য-উপাত্ত সমূহ অটোমেশন পদ্ধতিতে প্রদান এবং Online Payment Gateway Service System এর মাধ্যমে ফি পরিশোধ এর মাধ্যমে সম্পূর্ণ প্রক্রিয়াটি সহজ করা হয়েছে।


**যোগাযোগ:** জনাব মুশফিকুর রহমান, সিস্টেম এনালিস্ট, ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস ব্রাঞ্চ ও প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা। (মোবাইলঃ ০১৭১১৯৭৯৪৪৭)

## পূর্বের প্রসেস ম্যাপ এবং পরের প্রসেস ম্যাপ (পাশাপাশি রাখা)

পূর্বের প্রসেস ম্যাপ :




পরের প্রসেস ম্যাপ :



পূর্বের ও পরের **TCV** এনালাইসিস তথা **(Time, Cost & Visit)** এর তুলনা

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|---|---|---|
| **সময় (দিন/ঘন্টা)** | ১৩ দিন | ৩ দিন ৫ ঘণ্টা |
| **খরচ (নাগরিক ও অফিসের)** | | |
| **যাতায়াত** | ৩ বার | ০ বার |
| **ধাপ** | ৮ টি | ৬ টি |
| **জনবল** | ৭ জন | ২ জন |
| **দাখিলীয় কাগজপত্র** | | |

**বাস্তবায়ন**

| কার্যক্রম | তারিখ | তথ্য বাতায়নে আপলোডের তারিখ | বাস্তবায়নের অগ্রগতি | ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| প্রস্তাবনা অনুমোদন | ২৫.০৮.২০২০ | ১৯.০৫.২০২১ | ১০০% | জনাব মুশফিকুর রহমান, সিস্টেম এনালিস্ট, ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস ব্রাঞ্চ ও প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা মোবাইলঃ ০১৭১১৯৭৯৪৪৭ |

## কোন ধরনের এবং কত সংখ্যক স্টেকহোল্ডার/বেনিফিসিয়ারি সেবা টি গ্রহণ করে থাকে?

দেশজুড়ে পানি বিজ্ঞান সংক্রান্ত তথ্য-উপাত্ত সমূহ প্রদান সেবাটি পানি বিজ্ঞান সংক্রান্ত গবেষক, বিভিন্ন প্রতিষ্ঠান গ্রহণ করেন।

## সেবাটি বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং তা নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ

<u>সেবাটি বাস্তবায়নে চ্যালেঞ্জ হলো:</u>

১। ব্যবহারকারীকে সিস্টেম ব্যবহারে অভ্যস্ত করে তোলা।

<u>নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:</u>

১। ব্যবহারকারীদের জন্য ধাপভিত্তিক টিউটোরিয়াল এর ব্যবস্থা করা হয়েছে।

## সেবাটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ


এটি ব্যবহার শুরু হয়ে গিয়েছে। গত ০৮/০২/২০২১ তারিখে একটি অনুষ্ঠানের মাধ্যমে সিস্টেমটি ব্যবহার উদ্বোধন করা হয়।

সেবার নাম: পানি ব্যবস্থাপনা দল, সমিতি ফেডারেশন গঠন ও নিবন্ধন এবং সেচ কার্যক্রম ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা


প্রেক্ষাপটঃ পানি উন্নয়ন বোর্ড হতে WMO নিবন্ধন ও সেচ ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা প্রদান করা হয়। কিন্তু বিদ্যমান সেবাদান প্রক্রিয়া প্রায় ৩২টি ধাপে ৬৫ জন জনবলের সম্পৃক্ততায় দীর্ঘ ২০৬ দিনে সম্পন্ন হয়। এই বিদ্যমান পদ্ধতিকে উদ্ভাবনরে মাধ্যমে সেবাদান প্রক্রিয়া প্রায় ২৫টি ধাপে ৪২ জনের সম্পৃক্ততায় মাত্র ১০ দিনে সম্পন্ন করা সম্ভব হবে। এর ফলে উপকারভোগীগণ সহজে দ্রুত WMO নিবন্ধন ও সেচ ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা ভোগ করতে পারবেন।


সেবাটি সহজিকরণের পূর্বের প্রসেস ম্যাপ এবং পরের প্রসেস ম্যাপ (পাশাপাশি রাখা)

*পানি ব্যবস্থাপনা দল, সমিতি ফেডারেশন গঠন ও নিবন্ধন পদ্ধতির পূর্বের প্রসেস ম্যাপ*




*পানি ব্যবস্থাপনা দল, সমিতি ফেডারেশন গঠন ও নিবন্ধন এবং সেচ কার্যক্রম ব্যবস্থাপনা পদ্ধতির সহজিকৃত প্রসেস ম্যাপ*



| *সেচ ব্যবস্থাপনা পদ্ধতির পূর্বের প্রসেস ম্যাপ* | |
|---|---|
|  | |

সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের TCV এনালাইসিস তথা (Time, Cost & Visit) এর তুলনা

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|---|---|---|
| **সময় (দিন/ঘন্টা)** | ২০৬ দিন | ১০ দিন |
| **খরচ (নাগরিক ও অফিসের)** | | |
| **যাতায়াত** | | |
| **ধাপ** | ৩০ টি | ২৫ টি |
| **জনবল** | ৬৫ জন | ৪২ জন |
| **দাখিলীয় কাগজপত্র** | | |

**বাস্তবায়ন**

| কার্যক্রম | তারিখ | তথ্য বাতায়নে আপলোডের তারিখ | বাস্তবায়নের অগ্রগতি | ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন | ১৯.০৪.২০১৮ | ১৯.০৫.২০২১ | পাইলটিং সম্পন্ন সারাদেশে বাস্তবায়ন চলমান আছে। | জনাব আরিফ ইকরামুল আজিম, সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা মোবাইলঃ ০১৭২৯২৪২৯৪৬ |

## কোন ধরনের এবং কতো সংখ্যক স্টেকহোল্ডার/বেনিফিসিয়ারি সেবা টি গ্রহণ করে থাকে?

দেশজুড়ে বাপাউবো এর সেচ কার্যক্রমের সুবিধাভোগী সকল কৃষক সেবাটি গ্রহণ করে থাকে। আপাতত তিস্তা সেচ প্রকল্প ও মুহুরী সেচ প্রকল্পে প্রকল্পটির পাইলটিং এর প্রক্রিয়া শেষ হওয়ায় সংশ্লিষ্ট প্রকল্পের আওতাভুক্ত কৃষকবৃন্দ ইতোমধ্যে সেবাটির মাধ্যমে উপকৃত হচ্ছেন।

## সেবাটি বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং তা নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ

<u>সেবাটি বাস্তবায়নে চ্যালেঞ্জ হলো:</u>

১। ইন্টারনেট সংযোগ নিশ্চিত করা।
২। স্মার্টফোন বা কম্পিউটার বা ট্যাবলেট জাতীয় ডিভাইস এর ব্যবস্থা করা।
৩। কৃষক প্রশিক্ষণ ইত্যাদি।

<u>নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:</u>

১। প্রতিটি WMO এর জন্য ইন্টারনেট সংযোগ ও ডিভাইস এর ব্যবস্থা করা হয়েছে।
২। কৃষক প্রশিক্ষণ এর ব্যবস্থা করা হয়েছে।

## সেবাটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ

### ১০.১ তিস্তা সেচ প্রকল্পে ডিজিটাল পানি ব্যবস্থাপনা কার্যক্রম চালু

দেশের সর্ববৃহৎ তিস্তা সেচ প্রকল্পে ডিজিটাল পানি ব্যবস্থাপনায় রূপান্তরের কার্যক্রম চালু করা হয়েছে। তিস্তার সঙ্গে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ফেনীর মুহরী সেচ প্রকল্পকেও ডিজিটাল পানি ব্যবস্থাপনায় যুক্ত করা হয়েছে। গত ০৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে শুক্রবার ডালিয়ায় অবসর সভাকক্ষে নলেজ শেয়ারিং প্রোগ্রামের মাধ্যমে এই কার্যক্রমের উদ্বোধন করেন পানিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও চীফ ইনভেশন অফিসার মোঃ আজাদুর রহমান মল্লিক। (প্রশাসন) দিনব্যাপী কর্মশালায় তিস্তা সেচ প্রকল্পের এসওয়ানটি ও এসসিক্সটি- পানি ব্যবস্থাপনা এ্যাসোসিয়েশনের প্রকল্পের (ডব্লিউএমএ) ৫০ জন সুবিধাভোগী কৃষক ও কৃষক প্রতিনিধিকে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সেচ ব্যবস্থার ডিজিটাল পদ্ধতি সম্পর্কে অবহিত করা হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান পানি ব্যবস্থাপনা কর্মকর্তা মাহফুজ আহমদ, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সিস্টেম এনালিস্ট ইনোভেশন অফিসার আরিফ ইকরামুল আজিম, বোর্ডের মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল হাকিমসহ পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নদী গবেষণা ইনস্টিটিউট, হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, এটুআই ও নীলফামারী জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রংপুর পওর সার্কেল (২) এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মাহবুবর রহমান।



*ছবি: ডালিয়ায় অবসর সভাকক্ষে দিনব্যাপী নলেজ শেয়ারিং প্রোগ্রাম অনুষ্ঠিত (০৫/০২/২০২১)*

### ১০.২ মুহরী সেচ প্রকল্পে ডিজিটাল পানি ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক দিনব্যাপী নলেজ শেয়ারিং সেমিনার অনুষ্ঠিত

গত ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে (রবিবার) পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আয়োজনে ফেনীর মিডটাউন কনভেনশন হলে মুহরী সেচ প্রকল্পের আওতাধীন কৃষক ও কৃষক-প্রতিনিধিদের নিয়ে WMO Registration & Irrigation Management System বিষয়ে একটি দিনব্যাপী নলেজ শেয়ারিং সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এই কার্যক্রমের উদ্বোধন করেন পানিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও চীফ ইনভেশন অফিসার মোঃ আজাদুর (প্রশাসন) রহমান মল্লিক। কর্মশালায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ফেনীর জেলা প্রশাসক মোওয়াহিদুজ্জামান। . বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর মো: মনিরুল ইসলাম এবং প্রধান পানি ব্যবস্থাপনা মাহফুজ আহমদ।(প্রধান পানি ব্যবস্থাপনা) ফেনী পওর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো: নাসির উদ্দীনের সভাপতিত্বে আয়োজিত সেমিনারে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বোর্ডের সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন অফিসার আরিফ ইকরামুল আজিম, পানি সম্পদ মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট মোহাশহ .ীদুল্লাহ কায়সার, প্রোগ্রামার মোহাইউসুফ হারুন খান ., বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ইনোভেশন টিমের সদস্য ও প্রোগ্রামার মুহাম্মদ শহিদ শিকদার। এছাড়া বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নদী গবেষণা ইন্সটিটিউট, হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ইনোভেশন টিমের সদস্যবৃন্দ এবং ফেনী জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাসহ ফেনী জেলার সাংবাদিক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রকল্পের সুবিধাভোগী কৃষক ও কৃষক প্রতিনিধিরা কর্মশালায় অংশগ্রহণ করেন।




*ছবি: পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আয়োজনে গত ২৮/০২/২০২১ তারিখে ফেনীর মিডটাউন কনভেনশন হলে মুহরী সেচ প্রকল্পের আওতাধীন কৃষক ও কৃষক প্রতিনিধিদের নিয়ে-WMO Registration & Irrigation Management System বিষয়ে একটি দিনব্যাপী নলেজ শেয়ারিং সেমিনার অনুষ্ঠিত হয়।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০১৪.১৬.০০১.১৭.২০৩

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এর আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা আধুনিকায়নের লক্ষ্যে এবং জরুরি কাজসমূহের উৎকর্ষ সাধনের উদ্দেশ্যে Disaster Damage Reporting System নামীয় সফটওয়্যার তৈরির মাধ্যমে ডিজিটাইজেশনের দ্বারা উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। সফটওয়্যারটির লিংক: https://ddrs.bwdb.gov.bd ।

২। এ আদেশ জারিতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০৩-০৫-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
প্রধান প্রকৌশলী (পুর)
০২-২২২২৩০১০০
ce.monitoring@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০১৪.১৬.০০১.১৭.২০৩/১ (৯)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৫। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও সমপর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।;
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সমপর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৭। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। সিস্টেম এনালিস্ট, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং
৯। নির্বাহী প্রকৌশলী (সকল) ও সমপর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

## প্রতিষ্ঠানের নাম: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


**১। ডিজিটাইজকৃত সেবার নাম:** "Disaster Damage Reporting System" বাস্তবায়নের মাধ্যমে নদীভাঙ্গন ও বন্যা প্রতিরোধে ব্যবস্থা গ্রহণের জন্য বন্যা ও দুর্যোগ সংক্রান্ত তথ্য সংগ্রহ ও সংরক্ষণ

**২। সেবাটি ডিজিটাইজেশনের পূর্বের প্রসেস ম্যাপ এবং পরের প্রসেস ম্যাপ:**

**পূর্বের প্রসেস ম্যাপ :**




**পরের প্রসেস ম্যাপ :**




**৩। সেবাটি ডিজিটাইজেশনের পূর্বের ও পরের TCV বিশ্লেষণ তথা (Time, Cost & Visit) এর তুলনা**

| | ডিজিটাইজেশনের পূর্বের পদ্ধতি | ডিজিটাইজেশনের পরের পদ্ধতি |
|---|---|---|
| **সময় (দিন/ঘন্টা)** | ১৪ দিন | ৩ দিন |
| **খরচ (নাগরিক ও অফিসের)** | দুর্যোগপ্রতি প্রায় ৫০০০ টাকা | দুর্যোগপ্রতি প্রায় ৫০০ টাকা |
| **যাতায়াত** | ৪ বার | ১ বার |
| **ধাপ** | ৮ টি | ৪ টি |

02/05/26
মুহাম্মদ শহিদ শিকদার
প্রোগ্রামার
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর
বাপাউবো, ঢাকা

6/5/26
মো. আরিফ ইকবালুল আজিম
সিনিয়র সিস্টেম এনালিস্ট (অ.দা.)
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
ssa.ict@bwdb.gov.bd